# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৯২০

১০. কিতাবুল জানাইয এবং জানাযার পুর্বাপর সংশ্লিষ্ট বিষয় (كِتَابُ الْجَنَائِزِ وَمَا يَتَعَلَّقُ بِهَا مُقَدَّمًا أَوْ مؤخراً)

পরিচ্ছেদঃ যে ব্যক্তি তার প্রিয় দুটি জিনিস (দুই চোখ) হারিয়ে আল্লাহর প্রশংসা করে, তবে তার জন্য জান্নাতে প্রবেশ করা যায়, যখন সে দুচোখকে ধরে রাখার ব্যাপারে থাকে আগ্রহী

## ذِكْرُ رَجَاءِ دُخُولِ الْجَنَّةِ لِمَنْ حَمِدَ اللَّهَ عَلَى سَلَبِ كَرِيمَتَيْهِ إِذَا كَانَ بِهِمَا ضَنَينًا

আরবী

2920 ـ أَخْبَرَنَا يَحْيَى بْنُ مُحَمَّدِ بْنِ عَمْرٍو بِالْفُسْطَاطِ قَالَ: حَدَّثَنَا إِسْحَاقُ بْنُ إِبْرَاهِيمَ بْنِ الْعَلَاءِ قَالَ: حَدَّثَنَا عَمْرُو بْنُ الْحَارِثِ قَالَ: حَدَّثَنَا عَبْدُ اللَّهِ بْنُ سَالِمٍ عَنِ الزُّبَيْدِيِّ قَالَ: حَدَّثَنَا لُقْمَانُ بْنُ عَامِرٍ عَنْ سُوَيْدِ بْنِ جَبَلَةَ عَنِ الْعِرْبَاضِ بْنِ سَارِيَةَ عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ـ يَعْنِي عَنْ رَبِّهِ ـ قال: (إذا سلبت من عبدي كريميته ـ وَهُوَ بِهِمَا ضَنِينٌ ـ لَمْ أَرْضَ لَهُ ثَوَابًا دون الجنة إذا حمدني عليهما)
الراوي : الْعِرْبَاض بْن سَارِيَةَ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان
الصفحة أو الرقم: 2920 | خلاصة حكم المحدث: صحيح ـ ((الروض)) ـ أيضاً ـ، ((الصحيحة)) (2010).

বাংলা

২৯২০. ইরবায বিন সারিয়াহ রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “ আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, তিনি তাঁর প্রভু থেকে বর্ণনা করেছেন। আল্লাহ বলেছেন, “যখন আমি আমার বান্দার প্রিয় দুটি বস্তু (দুটি চোখ) নিয়ে নেই, অথচ সে এই দুটিকে ধরে রাখার ব্যাপারে থাকে আগ্রহী, তবে আমি তাকে জান্নাত ছাড়া অন্য কোন প্রতিদান দিয়ে সন্তুষ্ট হবো না!”[1]

ফুটনোট

[1] বাযযার: ৭৭১; হাইসামী, মাজমা‘উয যাওয়াইদ: ২০/২০৮-২০৯।

আল্লামা শু‘আইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহাহ: ২০/১০)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ ইরবায ইবনু সারিয়াহ্ (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=92250

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন